যুক্তরাষ্ট্রের সহকারী পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বিএনপির বৈঠক



সংগৃহীত ছবি

বৃহস্পতিবার (৫ মার্চ) গুলশানে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের বাসায় দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুরের সঙ্গে বিএনপির প্রতিনিধি দল বৈঠক করেছে। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানিয়েছেন।

বৈঠকে অংশ নেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান নেতৃত্বে ৫ সদস্যের দল, অন্যরা হলেন ব্যারিস্টার নওশাদ জমির, মাহবুবুর রহমান, নায়েবা ইউসুফ ও নিপুণ রায় চৌধুরী।

বৈঠকের পর আবদুল মঈন খান বলেন, যুক্তরাষ্ট্র অতীতেও বাংলাদেশের শুভাকাঙ্ক্ষী রাষ্ট্র হিসেবে সহযোগিতা করেছে। নতুন সরকার গঠনের পর তারা স্বাভাবিকভাবে দেশের পরিস্থিতি, নীতিমালা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করতে এখানে এসেছেন।

তিনি আরও জানান, বৈঠকে দুই দেশের জনগণের পারস্পরিক সম্পর্ক, সরকারের নীতি, বৈদেশিক ও অর্থনৈতিক সম্পর্ক এবং বিশ্বের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে। যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো চুক্তি বিষয়ে আলোচনা হয়েছে কিনা জানতে চাইলে তিনি বলেন, তা সরকারের সঙ্গে আলোচনা হয়েছে এবং সরকারি পক্ষ প্রয়োজনীয় তথ্য প্রদান করবে।